# Chapter Two | Parts of Speech

Sentence বা বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি word বা শব্দকেই এক একটি Parts Of Speech বলে।

We are a family. এখানে We, are, a, family প্রত্যেকটি word এক একটি Part Of Speech.

**Parts of Speech ৮ প্রকার:**

1. Noun (বিশেষ্য)
2. Pronoun (সর্বনাম)
3. Adjective (বিশেষণ)
4. Verb (ক্রিয়া)
5. Adverb (ক্রিয়া বিশেষণ)
6. Preposition (পদান্বয়ী অব্যয়)
7. Conjunction (সংযোজক অব্যয়)
8. Interjection (আবেগসূচক অব্যয়)

**1. Noun (বিশেষ্য):** কোন কিছুর নামকে Noun বলে।
**Examples:**
Afifa, Bangladesh, Chair, Rice etc

**1. i. Countable Noun:** যাকে গণনা করা যায়।
**Examples:**
Pencil, table, boy.

**1. ii. Uncountable Noun:** যাকে গণনা করা যায় না।

**Examples:**
Water, milk, beauty, kindness.

**Noun পাঁচ প্রকার:**

i. Proper Noun ( নামবাচক বিশেষ্য )
ii. Common Noun ( জাতিবাচক বিশেষ্য )
iii. Collective Noun ( সমষ্টিবাচক বিশেষ্য )
iv. Material Noun ( বস্তুবাচক বিশেষ্য )
v. Abstract Noun (গুণবাচক বিশেষ্য)

**i. Proper Noun (নামবাচক বিশেষ্য):** যে Noun দ্বারা কোন নির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা স্থানের নাম বুঝায় তাকে Proper Noun বলে ।

**Examples**

Afrina, Dhaka, Padma

**ii. Common Noun (জাতিবাচক বিশেষ্য):** যে Noun দ্বারা একই জাতীয় ব্যক্তি, বস্তু বা প্রাণীকে না বুঝিয়ে সে জাতীয় সকলকে বুঝায় তাকে Common Noun বলে ।

**Examples**

Student, Book, Dog, Flower

**iii. Collective Noun (সমষ্টিবাচক বিশেষ্য):** যে Noun দ্বারা কোন ব্যক্তি, বস্তু বা প্রাণীর সমষ্টিকে বুঝায় তাকে Collective Noun বলে ।

**Examples**

Class, Army, Club, Family

**iv. Material Noun (বস্তুবাচক বিশেষ্য):** যে Noun দ্বারা কোন পদার্থের ওজন করা যায় কিন্তু গণনা করা যায়না তাকে Material Noun বলে ।

**Examples**

Oil, Water, Milk, Honey

**v. Abstract Noun (গুণবাচক বিশেষ্য):** যে Noun দ্বারা কোন ব্যক্তি বা বস্তুর গুণ, অবস্থা বা কাজের নাম প্রকাশ করে তাকে Abstract Noun বলে ।

**Examples**

Goodness, Kindness, Happiness, Beauty

**2. Pronoun (সর্বনাম):** যে word noun এর পরিবর্তে ব্যবহৃত হয়, তাকে pronoun বলে।

**Example:**

He, She, They, some.

Pronoun এর Subjective, Objective ও Possessive forms:

| **Subjective** | **Objective** | **Possessive** |
|---|---|---|
| I | Me | My |
| We | Us | Our |
| You | You | Your |
| He | Him | His |
| She | Her | Her |
| It | It | Its |
| They | Them | Their |

**Pronoun এর ব্যবহারঃ**

i. Main verb এর আগে pronoun এর subjective form ব্যবহৃত হয়।

**Example**

Rahim, Joy and <u>I</u> had a class together.

ii. Main verb এর পরে pronoun এর objective form ব্যবহৃত হয়।

**Example**

Mother asked <u>me</u> and <u>him</u> to get some goods.

iii. Subject এর উপর জোর বুঝাতে it is/ it was এর পরবর্তীতে pronoun এর subjective form ব্যবহৃত হয়। অথবা be form: am, is , are, was, were ইত্যাদির পরে subjective form ব্যবহৃত হয়।

**Example**

It is she who came to the court.

iv. Preposition এর পর সর্বদা pronoun এর objective form ব্যবহৃত হয়।

**Example**

This matter will stay between me and him.

v. মানবদেহের শরীরের অঙ্গ প্রত্যঙ্গের আগে possessive pronoun ব্যবহৃত হয়।

**Example**

Karim hurt his arm.

vi. Noun এর আগে possessive (my, his, her, their etc) বসে।

**Example**

This is your task.

vii. Relative pronoun এর পরে verb তার পূর্ববর্তী antecedent এর number ও person অনুসারে বসে।

**Example**

It is I who am to blame.

viii. Compound Relative Pronoun: Relative Pronoun এর সাথে ever suffix যুক্ত হয়ে যে pronoun হয়, তাকে compound relative pronoun বলে।

**Example**

Please come whenever you feel like.

**3. Adjective (বিশেষণ):** যে word দ্বারা noun বা pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি বুঝায়, তাকে adjective বলে।

**Examples**

Big, blue, good

**বিভিন্ন প্রকার Adjectives:**

**Adjective of color:** কোন কিছুর রঙ নির্দেশ করলে তাকে color adjective বলে।

**Example**

Blue shirt, White paper.

**Adjective of quantity:** যেটি কোন পরিমাণকে নির্দেশ করে।

**Example**

any, half, full, whole, huge, little etc.

**Numeral Adjectives:** যেটি কোন সংখ্যাকে নির্দেশ করে।

**Example**

One, two, third, several, each, every etc.

**Demonstrative Adjective:** কোন noun এর পূর্বে ব্যবহৃত That, those, these, this, such ইত্যাদিকে Demonstrative Adjective বলে।

**Example**

This is very good plan.

**Distributive Adjective:** একাধিক বস্তু বা ব্যক্তির প্রত্যেককে নির্দেশ করে।

**Example**

Every man has some rights.

**4. Verb (ক্রিয়া):** যে কোন কাজ করা, হওয়া, থাকা সম্বন্ধে কিছু বলে তাকে verb বলে।

**Examples**

eat, play, go

**Principal Verb:** একটি sentence এ যে verb স্বাধীনভাবে বসে নিজের অর্থ প্রকাশ করে, তাকে principal verb বলে।

**Examples**

He goes to school.
I play cricket.

**Auxiliary Verbs:** যে সব verbs বেশিরভাগ ক্ষেত্রে নিজের অর্থ প্রকাশ করেনা, বরং tense, voice, mood অনুসারে বিভিন্ন প্রকার sentence গঠনে main verb কে সাহায্য করে, তাকে auxiliary verb বলে।

**Examples**

I am eating a fruit.
He is going to the market.
Five years have passed since the incident.

**Factitive Verb:** যখন কোন transitive verb এর object থাকা সত্ত্বেও অতিরিক্ত word এর সাহায্য ছাড়া পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ করতে পারেনা, তাকে Factitive Verb বলে।

**Example**

We made him captain.

**Cognate Verb:** যে সব intransitive verb সমজাতীয় বা অনুরূপ word কে object রূপে গ্রহণ করে, তাকে cognate verb বলে। আর এ object কে cognate object বলে।

**Example**

She sang a song.

**5. Adverb (ক্রিয়া বিশেষণ):** যে সকল শব্দ Verb, Adjective বা অন্য adverb কে Modify করে বা কোনকিছু add করে সেই সকল শব্দগুলোকে Adverb বলে।

**Examples:**

very, slowly, well, carefully etc

He asked my name <u>gently</u>.
She runs <u>fast</u>.
She gave the proposal a careful <u>thought</u>.

**6. Preposition (পদান্বয়ী অব্যয়):** বাংলায় Pre শব্দের অর্থ পূর্বে আর Position শব্দের অর্থ অবস্থান।, যেসব শব্দ Noun বা Pronoun এর পূর্বে অবস্থান করে বাক্যের অন্যান্য অংশের সাথে ঐ Noun বা Pronoun এর সম্পর্ক স্থাপন করে তাকে Preposition বলে।

**Example**

of, on, under, in, at, over, below, throughout, by, about, until etc.

The pen is <u>on</u> the table.
The kid is hiding <u>behind</u> the tree.
He lives on the hill <u>below</u> a banyan tree.

**7. Conjunction (সংযোজক অব্যয়):** যেসব word একাধিক শব্দ, বাক্য কিংবা clause কে সংযুক্ত করে, তাকে conjunction বলে।

**Examples**

and, but, yet, or, for, nor, so, because etc.
Maliha and Jouty are good friends.
Tamima loves mango juice but Era likes green tea.
Maahi completed the task yet forgot to submit it.

**8. Interjection (আবেগসূচক অব্যয়):** যা দ্বারা মনের আবেগ প্রকাশ করা হয়।

Hi!, wow!, hurrah!, oh dear!, alas!, well done!, Bravo! etc.

Hurrah! We have won the match.
Heaven! it is an ecstatic moment of my life.

## Changes of Part of Speech

1. **From verb to Noun, Adjective and Adverb.**

| Verb | Noun | Adjective | Adverb |
|---|---|---|---|
| Ion, tive, এবং ly যোগে | | | |
| Elect | Election | Elective | Electively |
| Select | Selection | Selective | Selectively |
| Ess, ful এবং ly যোগে | | | |
| Succeed | success | Successful | Successfully |
| ize/ise এর পরিবর্তে zation/sation যোগ করে এবং ly যোগে | | | |
| Nationalize | Nationalization | National | Nationally |
| Ication এবং ed যোগে | | | |
| Classify | Classification | Classified | |
| ssion এবং ed যোগে | | | |
| Omit | Omission | Omitted | |

## 2. From Adjective to Noun, Verb, Adverb

| Adjective | Noun | Verb | Adverb |
|---|---|---|---|
| Ce/cy যোগ ent বাদ এবং ly যোগে | | | |
| Different | Difference | Differ | Differently |
| Ess, ful এবং ly যোগে | | | |
| Succeed | success | Successful | Successfully |
| ity, ize এবং ly যোগে | | | |
| Popular | Popularity | Popularize | Popularly |
| th, en এবং ly যোগে | | | |
| Deep | Depth | Deepen | Deeply |
| Ness, en এবং ly যোগে | | | |
| Short | Shortness | Shorten | Shortly |
| Hood/dom এবং ly যোগে | | | |
| Free | Freedom | Free | Freely |

